দৈনিক ইত্তেফাক

তারিখ ... 17 JUL 1990 .
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

10

৩৪

# অচিরেই শিক্ষক কল্যাণ ট্রাষ্টের কাজ শুরু হইবে

— প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ বলেন, শিক্ষক কল্যাণ ট্রাষ্ট শীঘ্রই কাজ শুরু করিবে। তিনি বলেন, সরকার শিক্ষা ব্যবস্থার উন্নয়ন এবং শিক্ষকদের কল্যাণে আরও পদক্ষেপ গ্রহণ অব্যাহত

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## প্রধানমন্ত্রী

(১ম পৃঃ পর)

রাখিবেন। বাসস জানায়, প্রধানমন্ত্রী গতকাল (সোমবার) বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের নেতৃবৃন্দের উদ্দেশে ভাষণ দিতেছিলেন। শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত কাজী জাফর আহমদ বলেন, শিক্ষকদের সম্মান ও মর্যাদার আসনে প্রতিষ্ঠিত করিতে প্রেসিডেণ্ট এরশাদের সরকারই আন্তরিকভাবে কাজ করিয়াছেন। প্রেসিডেন্ট শিক্ষকদের আর্থিক ও অন্যান্য সহায়তা প্রদানে বেশকিছু বৈপ্লবিক পদক্ষেপ গ্রহণ করিয়াছেন। বৈঠকে বিভাগীয় পদোন্নতির মাধ্যমে মাধ্যমিক স্কুলসমূহের শূন্যপদ পূরণের প্রশ্নে খুঁটিনাটি আলোচনা করা হয়। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ফেডারেশনের মহাসচিব-অধ্যক্ষ এ, কে, এম, শহিদুল্লাহ, ভাইস চেয়ারম্যানত্রয় শেখ আমানউল্লাহ, মওলানা মোহাম্মদ উল্লাহ ও কাজী ফারুক, যুগ্ম মহাসচিব শহিদুর রহমান, দপ্তর সম্পাদক এ, হক, অতিরিক্ত শিক্ষা সচিব জামিল চৌধুরী এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বিভাগের মহাপরিচালক আবদুর রশীদ চৌধুরী।